FINGERPRINT SIM · নভেম্বর ২০২৬

আপনার আঙুলের ছাপে কয়টা SIM চলছে, আর অচেনা নম্বর পেলে কী করবেন

SIM কেনার সময় দেওয়া আঙুলের ছাপ নকল করে আপনার নম্বরের নতুন SIM তোলা যায়। তারপর bKash, Nagad এর PIN reset করে টাকা সরানো যায়, আর আপনার phone এ কোনো OTP আসে না। নিচের check টা দশ সেকেন্ডের।

01 যা ঘটেছে

Bagerhat Biometric machine বা phone এর screen এ ভেসে ওঠা ছাপের ছবি record করে নকল ছাপ বানানো হতো। সেই ছাপে replacement SIM তুলে bKash, Nagad এর PIN reset। ২৭ জুন ভোরে তিনটা SIM থেকে ৳২,৫০,৮৬৮ সরানো হয়। পুলিশ ৯ জনকে ধরেছে, সাথে ১১টা phone, ২০টা SIM আর একটা fingerprint scanner।


Panchagarh প্রায় তিন দিন ধরে ১০ টাকায় SIM বিক্রি, বলা হয় এলাকায় tower বসবে। অন্তত ৫০০ জনের NID, চোখের ছবি আর আঙুলের ছাপ নেওয়া হয়। পরে অনেকের Nagad account বন্ধ, জমানো টাকা তোলা।

২০২৩ "আঙুল পরিষ্কার না" বলে দ্বিতীয়বার ছাপ, অন্য machine এ। এক ছাপে ১৩ থেকে ১৪টা SIM তোলা হতো। সেই SIM দিয়ে অপরাধ হলে পুলিশ যায় যার নামে SIM, তার কাছে।

02 দশ সেকেন্ডের check

*16001#

1. Phone এর dialer এ `*16001#` লিখে call করুন।
2. একটা box আসবে: `To know your biometric registered numbers`। মানে আপনার ছাপে তোলা নম্বর।
3. NID এর শেষ 8 digit লিখে **SEND**।
4. 6001 থেকে SMS আসবে। **TOTAL** এর পাশের সংখ্যাটা আপনার নামে মোট SIM, সাথে নম্বরগুলোও।



Screenshot গুলো Robi থেকে। অন্য operator এর box এর লেখা একটু আলাদা হতে পারে।

03 অচেনা নম্বর পেলে

যে operator এর নম্বর, তাদের customer care এ নিজের NID নিয়ে যান, নম্বরটা আপনার নাম থেকে বন্ধ করান।

04 তিনটা অভ্যাস

✗ রাস্তায় ১০ টাকার SIM, gift বা "tower বসবে" শুনে আঙুলের ছাপ, NID বা চোখের ছবি দেবেন না।

? দ্বিতীয়বার ছাপ চাইলে কারণ জিজ্ঞেস করুন। কোন machine এ দিচ্ছেন, দেখে নিন।

✓ আব্বু আম্মুর NID দিয়েও check করে দিন। রাস্তার SIM এর ফাঁদে তারাই বেশি পড়েন।

টাকা চলে গেলে: সাথে সাথে bKash (16247) বা Nagad এর helpline এ call করে account আটকান, তারপর থানায় জানান। Nagad এর নম্বর ওদের app এ দেওয়া আছে।
bKash এর নম্বর: The Business Standard, ১৪ অক্টোবর ২০২৬।

05 সূত্র (৪ নভেম্বর ২০২৬ এ দেখা)

- প্রথম আলো, আঙুলের ছাপ জালিয়াতি করে অন্যের সিম তুলে নগদ-বিকাশের টাকা সরিয়ে নিতেন তাঁরা, ২৯ সেপ্টেম্বর ২০২৬: prothomalo.com/bangladesh/district/npoas5mqj9
- The Business Standard, 9 arrested in Bagerhat over SIM cloning, mobile banking fraud, ২৯ সেপ্টেম্বর ২০২৬: tbsnews.net/bangladesh/crime/9-arrested-bagerhat-over-sim-cloning-mobile-banking-fraud-1557496
- Dinajpur TV, পঞ্চগড়ে সিম বিক্রির আড়ালে আর্থিক প্রতারণা, আটক ৩, ৯ সেপ্টেম্বর ২০২৬: dinajpurtv.com/country/32089
- প্রথম আলো, সিম বেচার সময় আঙুলের ছাপ চুরি, ৪ অক্টোবর ২০২৩: prothomalo.com/bangladesh/crime/egpol2a041
- The Business Standard, BTRC sets 30 October deadline, ১৩ অক্টোবর ২০২৫ (*16001# এর নিয়ম আর customer care): tbsnews.net/node/1259591
- *16001# এর ধাপ: Tazim এর নিজের phone এর screenshot, Robi, নভেম্বর ২০২৬